

নিউজিল্যান্ডে জাতীয় শোক দিবস ২০০৯ পালিত

নিউজিল্যান্ডের প্রবাসী বাঙ্গালীরা বাংলাদেশ সরকারের কাছে বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনিদের শাস্তি দ্রুত সম্পাদন করার দাবী জানিয়েছেন। জাতীয় শোক দিবস ২০০৯ উপলক্ষে ১৫ই আগস্ট শনিবার অকল্যান্ড মাউন্ট রসকিল ওয়ার মেমরিয়াল হলে এক আলোচনা সভায় বক্তাগণ এই দাবী করেন।

প্রবাসী বাঙ্গালীরা বঙ্গবন্ধুর চৌত্রিশতম মৃত্যুবার্ষিকী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালন করেন। কর্মসূচীর মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, বঙ্গবন্ধুর কর্ম জীবনের ওপর আলোকচিত্র ও ভিডিও চিত্র প্রদর্শনী, আলোচনা সভা এবং দোয়া মাহফিল। আলোচনা সভার শুরুতে বঙ্গবন্ধুর প্রতি সম্মান প্রদর্শনের জন্য এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর মূল আলোচনা সভায় জনাব কাজী আহসান হায়াত সেতুর সভাপতিত্বে এবং জনাব আরিফ সিরাজের পরিচালনায় বক্তাগণ বঙ্গবন্ধুর কর্ম জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন। বক্তাগণ বঙ্গবন্ধু হত্যার দ্রুত বিচার সম্পাদন করে খুনিদের যথাযথ শাস্তি দাবী করেন। সভার শেষে ১৫ই আগস্টে নিহত বঙ্গবন্ধু সহ সকল ব্যক্তির আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন জনাব আব্দুল্লাহ ইউসুফ মুরাদ, জনাবা রূপশ্রী চৌধুরী, জনাব এম এ হক শাহীন, জনাব এ টি এম হাসনাত জাহান মুকুল, জনাব তরুণ কান্তি চৌধুরী, জনাব রঞ্জু আহমেদ, জনাব শফিকুর রহমান শফিক, ডঃ এরশাদ আলি, জনাব কাইমুজ্জামান মোল্লা, জনাব সেলিম আহমেদ হাজারী প্রমুখ।

